

হোয়াটসঅ্যাপে সাইবার হামলা, ২৪ দেশে সতর্কতা

- A Monitor Desk Report

Date: 10 February, 2025



ক্যালিফোর্নিয়া, ইউএসএ : সারাবিশ্বে প্রতিনিয়ত কয়েকশ কোটি মানুষ হোয়াটসঅ্যাপ ব্যবহার করছেন। হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের প্ল্যাটফর্ম ব্যবহারের অভিজ্ঞতা ভালো করতে একের পর এক ফিচার নিয়ে আসছে। তবে সম্প্রতি এই অ্যাপে সাইবার আক্রমণ এবং বিপজ্জনক সাইবার গুপ্তচরবৃত্তি চিহ্নিত করা হয়েছে। কমপক্ষে ২৪টি দেশের ব্যবহারকারীদের লক্ষ্য করে এই আক্রমণ করা হয়েছে বলে মনে করছেন সাইবার বিশেষজ্ঞরা।

ইসরায়েলের নজরদারি সংস্থা প্যারাগন সলিউশনের সাথে যুক্ত একটি স্পাইওয়্যার সম্প্রতি সাংবাদিক, কর্মী এবং নাগরিক সমাজের সদস্যদের হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট হ্যাক করতে ব্যবহার করা হয়েছে। এই আক্রমণে জিরো-ক্লিক হ্যাকিং কৌশল ব্যবহার করা হয়েছে। যার অর্থ হল ব্যবহারকারীর ডিভাইসে কোনো পদক্ষেপ ছাড়াই হ্যাক করা যেতে পারে। এই ধরনের হ্যাকিং অত্যন্ত বিপজ্জনক বলে বিবেচিত করা হয়। কারণ এটি নিরাপত্তা ব্যবস্থাকে বাইপাস করে আক্রমণ চালায়।

বিষয়টি নিশ্চিত করে হোয়াটসঅ্যাপের মূল প্রতিষ্ঠান মেটা জানিয়েছে, হোয়াটসঅ্যাপ ব্যবহারকারীদের লক্ষ্য করে তৈরি স্পাইওয়্যারটি শনাক্ত করা হয়েছে এবং ইতালির জাতীয় সাইবার নিরাপত্তা সংস্থাকে সতর্ক করেছে। ইতালির ব্যবহারকারীরা সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে।

লুকা ক্যাসারিনি এই হ্যাকিংয়ের শিকার হয়েছেন। তিনি একজন অভিবাসী উদ্ধারকর্মী এবং মেডিটেরেনিয়া সেভিং হিউম্যানসের সহ-প্রতিষ্ঠাতা। এছাড়াও ফ্রান্সেস্কো ক্যাম্পেলাটো নামে একজন সুপরিচিত অনুসন্ধানী সাংবাদিক হ্যাকিংয়ের শিকার হয়েছেন। এর মধ্যে লুকা ক্যাসারিনি একটি হোয়াটসঅ্যাপ সতর্কতাও শেয়ার করেছেন, যেখানে তাকে সতর্ক করা হয়েছে, তার ডিভাইস হ্যাক করা হয়েছে।

-B